

বিজ্ঞপ্তি নম্বর: ২২২

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনের বিজ্ঞপ্তি
(ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, দিনাজপুর সরকারি কলেজে নিম্নলিখিত বিষয়সমূহে ভর্তির প্রাথমিক আবেদন করা যাবে।

কোর্সের নাম	বিষয়সমূহ
প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)	(১) বাংলা (২) ইংরেজি (৩) ইতিহাস (৪) দর্শন (৫) অর্থনীতি (৬) রাষ্ট্রবিজ্ঞান (৭) সমাজবিজ্ঞান (৮) হিসাববিজ্ঞান (৯) ব্যবস্থাপনা (১০) পদার্থবিজ্ঞান (১১) রসায়ন (১২) গণিত (১৩) উদ্ভিদবিদ্যা (১৪) প্রাণিবিদ্যা


অনলাইনে আবেদন ও প্রিন্ট কপি সংগ্রহ: ২৭/১০/২০২৬ হতে ১৯/১১/২০২৬ তারিখ পর্যন্ত
মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি জমা: ২৯/১০/২০২৬ হতে ২২/১১/২০২৬ তারিখ পর্যন্ত

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলি:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ থেকে ২০২৪ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়ে সনাতন পদ্ধতিতে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।
- (খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী পরবর্তীতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে।
- (গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ থেকে ২০২৪ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রি প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে পরবর্তীতে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- (ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোনো বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- (ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারী কোনো তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২। অনলাইনে প্রাথমিক আবেদন:

- (ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের www.nu.ac.bd/admissions এর Masters Tab-এর Apply Now (Masters Preli.) অপশনে গিয়ে যথাযথভাবে আবেদন করে প্রিন্ট নিতে হবে।
- (খ) কলেজ উক্ত আবেদন নিশ্চয়ন করলে আবেদনকারী তার মোবাইলে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। SMS না পেলে আবেদনকারীকে নির্ধারিত সময়ের মধ্যে কলেজে যোগাযোগ করতে হবে।
- (গ) আবেদনকারী প্রার্থীদের পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয় মেধা তালিকা প্রণয়ন করে বিষয় বরাদ্দ দেবে।



৩। প্রাথমিক আবেদন ফি ও আবেদন জমা:


- (ক) প্রাথমিক আবেদন ফি ১০০০/- (এক হাজার) ও {মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা} মোট=১০১৫/- (এক হাজার পনেরো) টাকা ডাচ বাংলা ব্যাংকের নেক্সাস পে/রকেট এর মাধ্যমে পরিশোধ করতে হবে। কলেজের ওয়েবসাইট www.dgc.edu.bd তে প্রবেশ করে Payment Option > Admissions & Form Fill-up > Preliminary Masters এ গিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রোল নম্বর, আপলোডকৃত একই ছবি ও অন্যান্য তথ্য দিয়ে ফি পরিশোধ করতে হবে।
- (খ) আবেদনকারী প্রাথমিক আবেদনের ফি ১০১৫/- (এক হাজার পনেরো) টাকা পরিশোধের ডকুমেন্ট/প্রমাণপত্রসহ আবেদনপত্রের প্রিন্ট কপি, স্নাতক (পাস) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি এবং দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকারনামার সত্যায়িত কপি নিজের কাছে সংরক্ষণ করবে। ভর্তির জন্য বিবেচিত হলে ভর্তির সময় সংশ্লিষ্ট কাগজপত্র/ডকুমেন্ট ভর্তিচ্ছু স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।


বিস্তারিত তথ্য www.nu.ac.bd/admissions অথবা www.dgc.edu.bd

এবং

সংশ্লিষ্ট বিভাগ ও ভর্তি কমিটির কাছ থেকে জানা যাবে।

প্রয়োজনে: জনাব মো. রওশন আলী, সহযোগী অধ্যাপক, আরবি ও ইসলামি শিক্ষা (মোবাইল নম্বর: ০১৭৩৮-৩৮৫৩২৭), জনাব মোহাম্মদ আব্দুস সালাম, সহযোগী অধ্যাপক, পদার্থবিদ্যা (মোবাইল নম্বর: ০১৭১২-১৩৫১৩১) এবং জনাব মো. আক্তারুজ্জামান রানা, প্রভাষক, ব্যবস্থাপনা (মোবাইল নম্বর: ০১৭১৯-৪৯৮৬৬২)

প্রতিস্বাক্ষরিত

(প্রফেসর মোঃ লুৎফর রহমান)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


২৭/০৮/২০২৩
(মো. রওশন আলী)
আহ্বায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি, রেজিস্ট্রেশন
ও
পরীক্ষা কমিটি ২০২৪-২০২৫
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ
৩. হিসাব শাখা ও ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ
৪. অফিস নথি